

কাজেম আলী স্কুল এন্ড কলেজ

১ম মূল্যায়ন পরীক্ষা ২০২০

শ্রেণিঃ দ্বাদশ

বিষয়ঃ অর্থনীতি

বিষয় কোডঃ ১০৯

সময়ঃ ১ ঘন্টা ২০ মিনিট

পূর্ণমানঃ ৫০ নম্বর

(সৃজনশীল)

২টি সৃজনশীল প্রশ্নের উত্তর দিতে হবে।

নিচের অনুচ্ছেদটি পড় ও প্রশ্নগুলোর উত্তর দাওঃ

১। $C=100+0.5Y$, $I=200$.

(ক) সামগ্রিক আয় কাকে বলে?

(খ) ভোগ আয়ের উপর নির্ভরশীল। ব্যাখ্যা করো।

(গ) উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় (Y) নির্ণয় করো।

(ঘ) উদ্দীপকে উল্লিখিত বিনিয়োগ দ্বিগুণ হওয়ার প্রেক্ষিতে বিনিয়োগ ও জাতীয় আয়ের মধ্যে কীরূপ সম্পর্ক হবে তা নির্দেশ করো।

২। $C=80+0.6Y$, $I=200$, $G=100$

(ক) জিডিপি কাকে বলে?

(খ) প্রবাসীদের আয় জাতীয় আয়ের কোন ধারণায় অন্তর্ভুক্ত হবে?

(গ) উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় ও ভোগ ব্যয় নির্ণয় করো।

(ঘ) বিনিয়োগ ব্যয় ৫০ টাকা বৃদ্ধি পেলে জাতীয় আয় ও ভোগ ব্যয় এর মধ্যে কীরূপ পরিবর্তন হবে? ব্যাখ্যা করো।

বহুনির্বাচনী

১। জাতীয় আয়ের অপর নাম কী?

(ক) সামগ্রিক আয় (খ) দেশজ আয় (গ) বৃহৎ আয় (ঘ) আমদানি আয়

২। মোট দেশজ উৎপাদনকে ইংরেজিতে বলা হয়-

(ক) GDP (খ) GNP (গ) GND (ঘ) NNP

৩। অবচয়জনিত ব্যয়কে সংক্ষেপে ইংরেজিতে কি বলে?

(ক) DC (খ) SSA (গ) CD (ঘ) CCA

৪। মাথাপিছু আয়কে ইংরেজিতে প্রকাশ করা হয়-

(ক) PI (খ) MI (গ) CI (ঘ) DI

৫। $S=Y-C$ সমীকরণটি কোন ধরনের অপেক্ষক?

(ক) ভোগ (খ) সঞ্চয় (গ) বিনিয়োগ (ঘ) আয়

৬। মুক্ত বাজায় অর্থনীতিতে সামগ্রিক আয় পরিমাপের সূত্র কোনটি?

i. $GNI= C+I+G+Xn$

ii. $GNI= C+I+G$

iii. $GNI= C+I+G+(X-M)$

নিচের কোনটি?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭। কোনটি সরকারের আয়ের উৎস?

(ক) ভর্তুকি (খ) ত্রাণ (গ) কর (ঘ) পেনশন

৮। Induced Consumption এর অর্থ কী?

(ক) ভোগ (খ) স্বয়ম্ভূত ভোগ (গ) প্ররোচিত ভোগ (ঘ) সামগ্রিক ভোগ

৯। প্রবাসীদের আয় অন্তর্ভুক্ত হয়-

(ক) CCA (খ) NDP (গ) GDP (ঘ) GNP

১০। দ্রব্যের উপযোগ নিঃশেষ করাকে বলে-

(ক) আয় (খ) সঞ্চয় (গ) বিনিয়োগ (ঘ) ভোগ

১১। জাতীয় আয় পরিমাপের পদ্ধতি কয়টি ?

(ক) ৩টি (খ) ৪টি (গ) ৫টি (ঘ) ৬টি

১২। মানবসমাজের প্রাচীনতম পেশা কোনটি?

(ক) ব্যবসায় (খ) কৃষি (গ) শিল্প (ঘ) চাকরি

১৩। প্রান্তিক ভোগ প্রবণতা কমলে, আয় বৃদ্ধির ফলে-

i. মূলধন কমবে ii. বিনিয়োগ বাড়বে iii. ভোগ কমবে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাওঃ

পদ্মা সেতু নির্মাণে দেশীয় শ্রমিকের পাশাপাশি অনেক বিদেশি শ্রমিক কর্মরত। বিদেশি শ্রমিকরা প্রতি মাসে তাদের পরিবারের কাছে টাকা পাঠান।

১৪। GNI-তে অন্তর্ভুক্ত হবে কাদের আয়?

(ক) বিদেশিদের আয় (খ) দেশীয় ও বিদেশিদের আয়

(গ) দেশে অবস্থানরত বিদেশিদের আয় (ঘ) দেশীয়দের আয়

১৫। GDP-তে অন্তর্ভুক্ত হবে-

i. দেশীয়দের আয় ii. বিদেশী শ্রমিকদের আয় iii. দেশী ও বিদেশীদের আয়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬। সঞ্চয় কীসের উপর নির্ভরশীল?

(ক) ভোগ (খ) বিনিয়োগ (গ) ব্যয় (ঘ) আয়

১৭। রপ্তানি বৃদ্ধির উপায় কোনটি?

- (ক) আমদানি বৃদ্ধি (খ) জনসংখ্যা বৃদ্ধি
(গ) জনশক্তি বৃদ্ধি (ঘ) বৈদেশিক সাহায্য বৃদ্ধি

১৮। বাংলাদেশের আয়তন কত বর্গমাইল-

- i. ৫৪৫৯৮ ii. প্রায় ৫৬০০০ iii. ১৪৭৫৭০

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i ও iii

১৯। বদ্ধ অর্থনীতিতে কয়টি খাত থাকে?

- (ক) ৩ টি (খ) ৪ টি (গ) ৫ টি (ঘ) ৬ টি

২০। নিট জাতীয় উৎপাদনকে সংক্ষেপে বলা হয়-

- (ক) NNP (খ) NND (গ) NNI (ঘ) NDP

২১। বিদেশ থেকে প্রাপ্ত আয়সহ অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য সকল আয়কে সামগ্রিক আয় বলে এটি কার উক্তি?

- (ক) এ.সি.পিগু (খ) ম্যালথাস (গ) রবিঙ্গ (ঘ) ডিকেন্স

নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাওঃ

মেনিলা ও ভ্যাটিকান সিটি দীর্ঘদিন ধরে তাদের প্রয়োজনীয় দ্রব্য আদান প্রদান করে দুই দেশের অভাব পূরণ করছে।

২২। উদ্দীপকে দেশ দুটি কিসের সাথে জড়িত?

- (ক) শ্রম বাণিজ্য (খ) আমদানি-রপ্তানি বাণিজ্য
(গ) কর বাণিজ্য (ঘ) অভ্যন্তরীণ বাণিজ্য

২৩। উদ্দীপকে দেশ দুটির শ্রমবাজার ও জনশক্তিতে কি হতে পারে?

- (ক) সমান (খ) হ্রাস (গ) বৃদ্ধি ও উর্ধ্বমুখী (ঘ) হ্রাস ও নিম্নমুখী

২৪। মুক্ত বাজার অর্থনীতিতে জাতীয় আয়ের সূত্র হলো-

- (ক) C (খ) C+I (গ) C+I+G (ঘ) C+I+G+Xn

২৫। বাংলাদেশের রপ্তানি প্রক্রিয়াকরণের অঞ্জল এর সংক্ষিপ্ত রূপ কোনটি?

- (ক) EPS (খ) EPC (গ) EPX (ঘ) EPZ

২৬। কেইনসের মতে, আবদ্ধ অর্থনীতির ক্ষেত্রে নিচের কোনটি সঠিক?

- (ক) $Y=C$
(খ) $Y=C+I$
(গ) $Y=C+I+S+G$
(ঘ) $Y=C+I+G$

২৭। স্বল্পকালীন ভোগ অপেক্ষক কোনটি?

- (ক) $c = -a+by$ (খ) $c = a-by$ (গ) $c = a+by$ (ঘ) $c = -a-by$

২৮। নিট দেশজ আয়কে ইংরেজিতে সংক্ষেপে কি বলা হয়?

- (ক) NDP (খ) NDI (গ) NNI (ঘ) NNP

২৯। আয়ের পরিবর্তনের ফলে কোন ধরনের বিনিয়োগের পরিবর্তন হয় না??

- (ক) স্বয়ম্ভূত বিনিয়োগ (খ) মোট বিনিয়োগ
(গ) নিট বিনিয়োগ (ঘ) প্ররোচিত বিনিয়োগ

৩০। 'ক' দেশের $GNP=৫০০$ এবং $CCA=১২০$ হলে NNP কত?

- (ক) ৩৮০ (খ) ৫০০ (গ) ১২০ (ঘ) ৬২০